# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পুলিশ

কমান্ড্যান্ট (অতিরিক্ত ডিআইজি) এর কার্যালয়

আরআরএফ, রাজশাহী

স্মারক নং-আরআরএফ, রাজঃ/৪৭০(২৫)

তারিখ : ১৯ চৈত্র ১৪৩২ বাঃ / ০২ এপ্রিল ২০২৬খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.০৯৫.০২.০০০১.২২.৬৬ তারিখ-২৩ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ এবং পুলিশ হেডকোয়ার্টার্স ঢাকার স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.০৪.০২২.২০২১/০৮ তারিখ-০৪ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ স্মারক মূলে প্রাপ্ত ছাড়পত্রের প্রেক্ষিতে কমান্ড্যান্ট (অতিরিক্ত ডিআইজি), আরআরএফ, রাজশাহী এর কার্যালয়ে নিম্নবর্ণিত শূন্যপদ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্তে রাজশাহী বিভাগের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নেবর্ণিত শর্তে Online এ (ওয়েব সাইট https://rrfraj.teletalk.com.bd) দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৩ (তিন)টি | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০) | ক) এইচএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতিসম্পন্ন হতে হবে |

**আবেদনের শর্তাবলী**

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও রাজশাহী বিভাগের স্থায়ী বাসিন্দা হতে হবে। প্রার্থীর বয়সসীমা ১২/০৪/২০২৬খ্রিঃ তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। এছাড়া বয়সসীমা সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান প্রযোজ্য হবে।

২। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী, শর্তাবলী, করণীয় সংক্রান্তে এবং পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://rrfraj.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন ও বিস্তারিত তথ্যাদি পাবেন।

৩। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই উক্ত অনুমতিপত্র প্রদর্শন করতে হবে।

৪। মিথ্যা তথ্য দিয়ে পূরণকৃত ফরম বাতিল বলে গণ্য হবে।

৫। লিখিত পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণের পর মৌখিক পরীক্ষায় সময় প্রার্থীকে Online-এ দাখিলকৃত Application Form এর প্রিন্ট কপিসহ নিম্নোক্ত দলিলাদি দাখিল করতে হবে:

(ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি;

(খ) সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ও কম্পিউটার প্রশিক্ষণ সনদের মূল কপি:

(গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্ব মূল সনদপত্র;

(ঘ) বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার পুত্র-কন্যাদের আবেদনের ক্ষেত্রে তার স্বপক্ষে আবেদনকারীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের মূলকপি, মুক্তিযোদ্ধার সরকারি গেজেট:

(ঙ) শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদ:

৬। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৮। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

৯। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থিত পদে নিয়োগ প্রদানে বাধ্য থাকবেন না।

১০। online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১২/০৪/২০২৬ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা হতে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১১/০৫/২০২৬ খ্রি. বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে সার্ভিস চার্জসহ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

১১। আবেদন করার শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে প্রার্থীদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ https://rrfraj.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের **সময়সীমা নিম্নরূপ :**

(i) Online-এ আবেদন পত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১২/০৪/২০২৬ খ্রিঃ সকাল-১০:০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদন পত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১১/০৫/২০২৬ খ্রিঃ বিকাল ০৫:০০ ঘটিকা।
উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদন পত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০০ প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০০ প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) Online আবেদন পত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online- এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ভ্যাটসহ) ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ সকল গ্রেডের জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ০৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষ ভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদন পত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

**SMS নিয়মাবলী:**

প্রথম SMS : RRFRAJ<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : RRFRAJ ABCDEF & send to 16222

Reply : Applicant's Name, TK-112 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type RRFRAJ <Space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS : RRFRAJ <space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : RRFRAJ Yes 12345678 & send to 16222

Reply : Congratulations Applicant's Name, Payment completed successfully for RRFRAJ Application for (post name) User ID is (ABCDEF) and password (XXXXXX).

প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি https://rrfraj.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদন পত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ঙ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(চ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে RRFRAJ <space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: RRFRAJ Help User ABCDEF & Send to 16222.

(ii) PIN Number জানা থাকলে RRFRAJ <space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222.
Example: RRFRAJ Help PIN 12345678 & Send to 16222.

(ছ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও আরআরএফ, রাজশাহী পুলিশের ওয়েবসাইট https://rrf.rajshahidiv.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য https://rrf.rajshahidiv.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(জ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে 121 অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: RRFRAJ, Post Name: *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ঝ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদন পত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

02/8/2026

দীন মোহাম্মদ
বিপি নং-৭৪০৩০০৭৬৪৩
কমান্ড্যান্ট (অতিরিক্ত ডিআইজি)
আরআরএফ, রাজশাহী।
ফোন-০২৫৮৮৮৫৭৬৬০ ফ্যাক্স-০২৪৭৮১২৬৭৭
Email: comrrfrajshahi@police.gov.bd

ডিজি-৫৬৭/২৬ (২০´´×৪ক:)




**অনলাইনে আবেদনের সময়সীমা ০৮ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ ১০.০০ ঘটিকা হতে ০২ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ ২৩.৫৯ ঘটিকা পর্যন্ত**

bdgovtjob.net **সার্জেন্ট পদে নিয়োগের ক্ষেত্রে কোনো প্রকার আর্থিক লেনদেনে জড়িত হলে গ্রেফতারপূর্বক নিয়োগ বাতিল করা হবে** bdgovtjob.net

বাংলাদেশ পুলিশের সার্জেন্ট পদের প্রকৃত শূন্যপদের বিপরীতে নিয়োগের লক্ষ্যে উপযুক্ত আগ্রহী পুরুষ ও নারী প্রার্থীদের অনলাইনে আবেদন আহ্বান করা হচ্ছে। আবেদনের জন্য প্রযোজ্য শর্তাবলিসহ অন্যান্য তথ্যাদি নিম্নে উল্লেখ করা হলো-

## ১. প্রার্থীর বয়স, যোগ্যতা ও অভিজ্ঞতা

**১.১ প্রার্থীর বয়স:** প্রার্থীর বয়স ০২ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ তারিখে ১৯ হতে ২৭ বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/ বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর;

**১.২ শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা**

১.২.১ অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক ডিগ্রি প্রাপ্ত;
১.২.২ মোটর সাইকেল চালনায় দক্ষ হতে হবে;
১.২.৩ কম্পিউটারে দক্ষতা সম্পন্ন হতে হবে;

**১.৩ জাতীয়তা:** প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে;

**১.৪ বৈবাহিক অবস্থা:** প্রার্থীকে অবশ্যই অবিবাহিত হতে হবে (তালাকপ্রাপ্ত/তালাকপ্রাপ্তা গ্রহণযোগ্য নয়) এবং শিক্ষানবিশকাল শেষ না হওয়া পর্যন্ত অবশ্যই অবিবাহিত থাকতে হবে;

**১.৫ কোটা পদ্ধতি:** কোটায় প্রার্থী নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ তারিখ: ০৮ শ্রাবণ ১৪৩১/২৩ জুলাই ২০২৪ অনুসরণ করা হবে;

**১.৬ প্রার্থীর শারীরিক মাপ:** bdgovtjob.net

| বিবরণ | পুরুষ প্রার্থী | নারী প্রার্থী |
|---|---|---|
| উচ্চতা | কমপক্ষে ৫ ফুট ৮ ইঞ্চি বা ১.৭২৭২ মিটার | কমপক্ষে ৫ ফুট ৪ ইঞ্চি বা ১.৬২৫৬ মিটার |
| বুকের মাপ | বুকের মাপ স্বাভাবিক অবস্থায় কমপক্ষে ৩২ ইঞ্চি বা ০.৮১২৮ মিটার এবং সম্প্রসারিত অবস্থায় ৩৪ ইঞ্চি বা ০.৮৬৩৬ মিটার | প্রযোজ্য নয় |
| ওজন | বয়স ও উচ্চতার সাথে ওজন অনুমোদিত পরিমাপের হতে হবে | |
| দৃষ্টিশক্তি | ৬/৬ | |

## ২. শারীরিক মাপ ও কাগজপত্র যাচাইকরণসহ শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষার জন্য অনলাইনে আবেদনের নিয়মাবলি

**২.১ প্রথম ধাপ:**

২.১.১ http://police.teletalk.com.bd লিংকে প্রবেশ করে শারীরিক মাপ ও কাগজপত্র যাচাইকরণসহ শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষা বা Physical Endurance Test (PET)-এর জন্য আবেদন ফরম পূরণ করতে হবে। উক্ত লিংকে আবেদন ফরম সঠিকভাবে পূরণের লক্ষ্যে সহায়ক ভিডিও টিউটোরিয়াল এবং ফরম পূরণের নির্দেশিকা দেয়া থাকবে। এ ছাড়া উক্ত লিংকের Help অপশন ব্যবহার করে ফরম পূরণের প্রয়োজনীয় সহায়তা নেয়া যাবে;

২.১.২ অনলাইনে আবেদনের সময়সীমা ০৮ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ ১০:০০ ঘটিকা হতে ০২ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ ২৩.৫৯ ঘটিকা পর্যন্ত বহাল থাকবে;

২.১.৩ আবেদন ফরম পূরণ করার অব্যবহিত পরে প্রত্যেক যোগ্য প্রার্থী একটি USER ID পাবে। এ ক্ষেত্রে প্রার্থীকে আবেদন ফরম পূরণের ৪৮ ঘন্টার মধ্যে যে কোনো টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর হতে ৪৮/- (আটচল্লিশ) টাকা (অফেরতযোগ্য) সার্ভিস চার্জ বাবদ জমা দিতে হবে;

২.১.৪ অনলাইন আবেদন ফরমে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) এবং রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে;

২.১.৫ আবেদনকারীর পূরণকৃত তথ্য পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে বিধায় অনলাইনে আবেদন ফরম সাবমিট করার পূর্বে সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থীকে শতভাগ নিশ্চিত হতে হবে

২.১.৬ প্রার্থীকে অনলাইনে পূরণকৃত আবেদন ফরমের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করতে হবে;

২.১.৭ অনলাইনে আবেদন ফরমের সকল অংশ পূরণ করে সাবমিট করা হলেও পরীক্ষা ফি জমা না দেয়া পর্যন্ত অনলাইন আবেদন কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

**২.২ দ্বিতীয় ধাপ:** bdgovtjob.net

প্রত্যেক প্রার্থীকে তার USER ID ব্যবহার করে কমপক্ষে ৪৮/-(আটচল্লিশ) টাকা ব্যালেন্স রয়েছে এমন যে কোনো টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর হতে দুইটি এসএমএস (SMS) করতে হবে;

**প্রথম এসএমএস (SMS):** SER<space>USER ID লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে; **Example:** SER ABCDEF

**Reply:** "Applicant's Name", TK 48/- will be charged as service charge for PET of Sergeant Recruitment Application. Your PIN NUMBER is xxxxxxxxxx (10 digits). To pay fee, type SER<space>YES<space>PIN NUMBER & Send to 16222;

**দ্বিতীয় এসএমএস (SMS):** SER<space>YES<space>PIN NUMBER লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে;

**Example:** SER YES xxxxxxxxxx

**Reply:** Congrats! "Applicant's Name", Your payment has been completed successfully for the application of PET of Sergeant Recruitment Examination 2026. USER ID is (ABCDEF) and PASSWORD is (xxxxxxxxxx).

**২.৩ হেল্পলাইন:**

২.৩.১ যে কোনো টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর হতে প্রার্থীগণ নিম্নবর্ণিত এসএমএস (SMS) পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ USER ID এবং PASSWORD পুনরুদ্ধার করতে পারবে;

ক. USER ID জানা থাকলে SER<space>HELP<space>USER<space>USER ID লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে;
**Example:** SER HELP USER ABCDEF

খ. PIN NUMBER জানা থাকলে SER<space>HELP<space>PIN<space>PIN NUMBER লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে;
**Example:** SER HELP PIN xxxxxxxxxx

২.৩.২ অনলাইনে আবেদন ফরম পূরণের ক্ষেত্রে যে কোনো টেলিটক মোবাইল নম্বর হতে ১২১ নম্বরে কল করে প্রথমে ৮, অতঃপর ১-এ Press করে এজেন্টের মাধ্যমে এবং প্রয়োজনে অন্য যে কোনো অপারেটরের মোবাইল নম্বর হতে ০১৫০০১২১১২১ নম্বরে সরাসরি কল করে সহযোগিতা নেয়া যাবে।

## ৩. প্রিলিমিনারি স্ক্রিনিং

bdgovtjob.net

৩.১ অনলাইনে আবেদনকারী প্রার্থীদের মধ্যে এসএসসি বা সমমান, এইচএসসি বা সমমান, ডিগ্রি বা স্নাতক বা সমমান পরীক্ষার ফলাফল এবং উচ্চতার উপর ভিত্তি করে নির্ধারিত নিয়োগবিধি মোতাবেক প্রিলিমিনারি স্ক্রিনিং করা হবে। স্ক্রিনিং এর মাধ্যমে নির্দিষ্ট সংখ্যক যোগ্য প্রার্থীকে শারীরিক মাপ ও কাগজপত্র যাচাইকরণসহ শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষা বা Physical Endurance Test (PET)-এর জন্য বাছাই করা হবে;

৩.২ প্রিলিমিনারি স্ক্রিনিং-এ উত্তীর্ণ প্রার্থীদের মোবাইল নম্বরে Physical Endurance Test (PET)-এর জন্য নির্ধারিত পরীক্ষাকেন্দ্র, তারিখ ও সময় এসএমএস (SMS)-এর মাধ্যমে পরবর্তীতে অবহিত করা হবে।

## ৪. শারীরিক মাপ ও কাগজপত্র যাচাইকরণসহ শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষার প্রবেশপত্র বা Admit Card সংগ্রহকরণ

৪.১ প্রিলিমিনারি স্ক্রিনিং-এ বাছাইকৃত প্রার্থীদের এসএমএস (SMS)-এ প্রেরিত USER ID এবং PASSWORD ব্যবহার করে http://police.teletalk.com.bd লিংকে প্রবেশকরত USER ID, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষাকেন্দ্রের নামসহ অন্যান্য তথ্য সংবলিত Admit Card for Physical Endurance Test (PET) ডাউনলোড করে ০২ (দুই) কপি প্রিন্ট করতে হবে;

৪.২ শারীরিক মাপ ও কাগজপত্র যাচাইকরণসহ শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই প্রবেশপত্রের ০২ (দুই) কপি সঙ্গে আনতে হবে।

## ৫. শারীরিক মাপ ও কাগজপত্র যাচাইকরণসহ শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষা

৫.১ প্রার্থীদের নির্ধারিত পরীক্ষাকেন্দ্র, তারিখ ও সময়ে Physical Endurance Test (PET) এর ৭টি ইভেন্ট, যথা-দৌড়, লং জাম্প, হাই জাম্প, পুশ আপ, সিট আপ, ড্র্যাগিং ও রোপ ক্লাইম্বিং-এ অংশগ্রহণ করতে হবে। PET এর সম্পর্কে সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে YouTube-G Bangladesh Police Official Channel, Bangladesh Police এর Verified Facebook Page এবং Bangladesh Police Website (www.police.gov.bd)-এ Physical Endurance Test সংক্রান্ত একটি "ভিডিও" আপলোড করা হয়েছে;

৫.২ প্রার্থীগণকে শারীরিক মাপ ও কাগজপত্র যাচাইকরণসহ শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত কাগজপত্রসহ উপস্থিত থাকতে হবে-

৫.২.১ Admit Card for Physical Endurance Test-এর ০২ (দুই) কপি;
৫.২.২ শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/সাময়িক সনদপত্রের মূল কপি;
৫.২.৩ সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি;
৫.২.৪ জেলার স্থায়ী বাসিন্দা/জাতীয়তার প্রমাণস্বরূপ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর (যা প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত স্থায়ী নাগরিকত্ব সনদপত্রের মূল কপি;
৫.২.৫ অনলাইন থেকে ডাউনলোডকৃত প্রার্থীর ইনডেমনিটি ঘোষণাপত্র ও পিতা-মাতা কিংবা আইনানুগ অভিভাবক কর্তৃক প্রদত্ত সম্মতিপত্র;
৫.২.৬ প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের মূল কপি (যদি প্রার্থীর জাতীয় পরিচয়পত্র না থাকে তাহলে প্রার্থীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের মূল কপি);
৫.২.৭ সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ৩ (তিন) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
৫.২.৮ বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তানদের বয়স প্রমার্জনের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার নাম লাল মুক্তিবার্তায় থাকলে সত্যায়িত অনুলিপি/ মুক্তিযোদ্ধার নাম ভারতীয় তালিকায় থাকলে সত্যায়িত অনুলিপি/মুক্তিযোদ্ধার নামে জারীকৃত গেজেটের মূল কপি;
৫.২.৯ প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/ বীরাঙ্গনার সন্তান হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর (যা প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের মূল কপি;
৫.২.১০ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার প্রার্থীদের ক্ষেত্রে প্রমানকস্বরুপ তাদের রাজা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রধান অথবা জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত সনদপত্রের মূলকপি ;
৫.২.১১ শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সুবর্ণ নাগরিক কার্ডের মূলকপি;
৫.২.১২ তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে জেলা সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

bdgovtjob.net

৫.২.১৩ MS Office, Web Browsing এবং Troubleshooting- এর উপর ন্যূনতম ৩ (তিন) সপ্তাহ মেয়াদি কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্রের মূল কপি;
৫.২.১৪ মোটর সাইকেল ড্রাইভিং লাইসেন্স/ লার্নার কার্ড এর মূল কপি;
৫.২.১৫ সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে আবশ্যিকভাবে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র।

## ৬. লিখিত ও মনস্তত্ত্বসহ কম্পিউটার দক্ষতা এবং বুদ্ধিমত্তা ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনের নিয়মাবলি

৬.১ শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষা বা Physical Endurance Test (PET)-এ উত্তীর্ণ প্রার্থীদের লিখিত ও মনস্তত্ত্বসহ কম্পিউটার দক্ষতা এবং বুদ্ধিমত্তা ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে;

**৬.২ প্রথম ধাপ**

৬.২.১ http://police.teletalk.com.bd লিংকে প্রার্থীকে তার ব্যবহৃত USER ID এবং PASSWORD দিয়ে লগইন করে নির্ধারিত আবেদন ফরম পূরণ করতে হবে; bdgovtjob.net

৬.২.২ উক্ত আবেদন ফরম পূরণের ৪৮ ঘন্টার মধ্যে যে কোনো টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর হতে পরীক্ষা ফি ও চার্জ বাবদ ২২৩/- (দুইশত তেইশ) টাকা (অফেরতযোগ্য) জমা দিতে হবে;

৬.২.৩ অনলাইন আবেদন ফরমে পূরণকৃত তথ্যাদি পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে বিধায় সাবমিট করার পূর্বে সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থীকে শতভাগ নিশ্চিত হতে হবে;

৬.২.৪ প্রার্থীকে অনলাইনে পূরণকৃত আবেদন ফরমের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করতে হবে;

৬.২.৫ উক্ত আবেদন ফরমের সকল অংশ পূরণ করে সাবমিট করা হলেও পরীক্ষা ফি জমা না দেয়া পর্যন্ত অনলাইন আবেদন কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

**৬.৩ দ্বিতীয় ধাপ**

৬.৩.১ প্রত্যেক প্রার্থীকে তার USER ID ব্যবহার করে কমপক্ষে ২২৩/-(দুইশত তেইশ) টাকা ব্যালেন্স রয়েছে এমন যে কোনো টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর হতে দুইটি এসএমএস (SMS) করতে হবে;

**প্রথম এসএমএস (SMS):** SER<space>USER ID লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে; **Example:** SER LMNOPQ

**Reply:** "Applicant's Name", TK 223/- will be charged as application fee with charge for Sergeant Recruitment Application. Your PIN NUMBER is xxxxxxxxxx (10 digits). To pay fee, type SER<space>YES<space>PIN NUMBER & Send to 16222.

**দ্বিতীয় এসএমএস (SMS):** SER<space>YES<space>PIN NUMBER লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে;

**Example:** SER YES xxxxxxxxxx

**Reply:** Congrats! "Applicant's Name", Your payment has been completed successfully for the application of Sergeant Recruitment Examination 2026. USER ID is (LMNOPQ) and PASSWORD is (xxxxxxxxxx).

৬.৩.২ পরীক্ষার ফি ও চার্জ জমা প্রদানপূর্বক প্রার্থীদের অনলাইন হতে লিখিত ও মনস্তত্ত্বসহ কম্পিউটার দক্ষতা পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

## ৭. লিখিত ও মনস্তত্ত্বসহ কম্পিউটার দক্ষতা এবং বুদ্ধিমত্তা ও মৌখিক পরীক্ষার প্রবেশপত্র বা Admit Card সংগ্রহকরণ

৭.১ শারীরিক সক্ষমতা যাচাই পরীক্ষা বা Physical Endurance Test-এ উত্তীর্ণ প্রার্থীদের এসএমএস (SMS)-এ প্রেরিত USER ID এবং PASSWORD ব্যবহার করে http://police.teletalk.com.bd লিংকে প্রবেশকরত রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষাকেন্দ্রের নামসহ অন্যান্য তথ্যাদি সংবলিত Admit Card for Sergeant Recruitment Examination, ২০২৬ ডাউনলোডকরত ০১ (এক) কপি প্রিন্ট করতে হবে;

৭.২ লিখিত ও মনস্তত্ত্বসহ কম্পিউটার দক্ষতা এবং বুদ্ধিমত্তা ও মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই উক্ত প্রবেশপত্র সঙ্গে আনতে হবে;

৭.৩ লিখিত ও মনস্তত্ত্ব পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের পরবর্তীকালে বুদ্ধিমত্তা ও মৌখিক পরীক্ষার প্রবেশপত্র প্রদান করা হবে।

## ৮. লিখিত ও মনস্তত্ত্ব পরীক্ষা

bdgovtjob.net

লিখিত ও মনস্তত্ত্ব পরীক্ষা নিম্নোক্ত ৩ বিষয়ে সর্বমোট ২৫০ নম্বরে অনুষ্ঠিত হবে-

| ক্রম | লিখিত পরীক্ষার বিষয় | পূর্ণমান | সময় |
|---|---|---|---|
| ১. | ইংরেজি এবং বাংলা রচনা ও কম্পোজিশন | ১০০ | ৩ ঘন্টা |
| ২. | সাধারণ জ্ঞান ও গণিত | ১০০ | ৩ ঘন্টা |
| ৩. | মনস্তত্ত্ব | ৫০ | ১ ঘন্টা |

উক্ত পরীক্ষার সময়সূচি এবং পরীক্ষাকেন্দ্র সম্পর্কীয় তথ্যাদি পরবর্তীতে বাংলাদেশ পুলিশের অফিসিয়াল ওয়েবসাইট (http://www.police.gov.bd) সহ প্রার্থীদের মোবাইল নম্বরে এসএমএস (SMS)-এর মাধ্যমে জানানো হবে।

## ৯. কম্পিউটার দক্ষতা পরীক্ষা

লিখিত ও মনস্তত্ত্ব পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নির্ধারিত পরীক্ষাকেন্দ্র, তারিখ ও সময়সূচি অনুযায়ী কম্পিউটার দক্ষতা পরীক্ষায় (MS Office, Web Browsing And Troubleshooting) অংশগ্রহণ করতে হবে।

## ১০. বুদ্ধিমত্তা ও মৌখিক পরীক্ষা

১০.১ লিখিত ও মনস্তত্ত্বসহ কম্পিউটার দক্ষতা পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নির্ধারিত পরীক্ষাকেন্দ্র, তারিখ ও সময়সূচি অনুযায়ী ৫০ নম্বরের বুদ্ধিমত্তা ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে উত্তীর্ণ প্রার্থীকে USER ID এবং PASSWORD ব্যবহার করে http://police.teletalk.com.bd লিংকে প্রবেশকরত বুদ্ধিমত্তা ও মৌখিক পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে;

১০.২ লিখিত ও মনস্তত্ত্বসহ বুদ্ধিমত্তা ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে নিয়োগবিধি মোতাবেক উত্তীর্ণ প্রার্থীদের ফলাফল প্রকাশ করা হবে।

## ১১. স্বাস্থ্য পরীক্ষা

লিখিত, মনস্তত্ত্বসহ বুদ্ধিমত্তা ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকায় নির্ধারিত তারিখ ও সময়ে অনলাইনে পূরণকৃত চিকিৎসার ইতিবৃত্ত ফরম দাখিলপূর্বক স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকার সংশ্লিষ্ট মেডিক্যাল বোর্ড কর্তৃক গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। স্বাস্থ্য পরীক্ষায় ০১ (এক) বার অযোগ্য ঘোষিত হলে পুনরায় স্বাস্থ্য পরীক্ষার কোনো আবেদন বিবেচিত হবে না।

## ১২. মৌলিক প্রশিক্ষণের জন্য চূড়ান্ত মনোনয়ন

সিলেকশন বোর্ড কর্তৃক সুপারিশকৃত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক বিবেচনান্তে মৌলিক প্রশিক্ষণের জন্য চূড়ান্তভাবে মনোনীত করা হবে।

## ১৩. মৌলিক প্রশিক্ষণ

bdgovtjob.net

সার্জেন্ট হিসেবে নির্বাচিত প্রার্থীদের বাংলাদেশ পুলিশ একাডেমি, সারদা, রাজশাহীতে ০১ (এক) বছর মেয়াদি মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।

## ১৪. চাকরির সুবিধাদি

১৪.১ জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১০ম গ্রেড: ১৬,০০০-৩৮,৬৪০/- টাকা তৎসহ অন্যান্য সুবিধাদি;

১৪.২ ট্রাফিক ভাতা, বিনামূল্যে পোশাক সামগ্রী, ঝুঁকি ভাতা, চিকিৎসা সুবিধা এবং নিজ ও পরিবারের নির্ধারিত সংখ্যক সদস্যের জন্য প্রাপ্যতা অনুযায়ী স্বল্প মূল্যে পারিবারিক রেশন সামগ্রী;

১৪.৩ প্রচলিত নিয়মানুযায়ী উচ্চতর পদে পদোন্নতিপ্রাপ্তিসহ জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে অংশগ্রহণের সুযোগ।

## ১৫. সাধারণ নির্দেশনাবলি

১৫.১ কর্তৃপক্ষ সার্বিক অবস্থা বিবেচনায় নিয়োগযোগ্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধিকরণসহ পরীক্ষার সময়সূচি পরিবর্তনের অধিকার সংরক্ষণ করেন;

১৫.২ শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য বিষয়ে প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্যাদি সম্পর্কে তদন্তে কিংবা তদন্ত পরবর্তীকালে কোনো বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে উক্ত প্রার্থীকে প্রশিক্ষণ হতে অব্যাহতি/চাকরিচ্যুত/চাকরি হতে বরখাস্তকরণসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১৫.৩ প্রযোজ্য ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/ বীরাঙ্গনার সন্তানদের বয়স প্রমার্জনের ক্ষেত্রে প্রমাণক হিসেবে দাখিলকৃত কাগজপত্র যাচাইঅন্তে সঠিক পাওয়া না গেলে তাদেরকে প্রশিক্ষণ হতে অব্যাহতি/চাকরিচ্যুত/চাকরি হতে বরখাস্তকরণসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য, বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/ বীরাঙ্গনার সন্তানদের প্রমাণক হিসেবে দাখিলকৃত দলিলাদি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে একবার জাল/ভুয়া প্রমাণিত হলে তা পুন:যাচাই এর কোনো আবেদন বিবেচিত হবে না;

১৫.৪ ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত/ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। এ ক্ষেত্রে প্রশিক্ষণের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত/নিয়োগকৃত/প্রশিক্ষণরত/চাকরিরত অর্থাৎ যে কোনো পর্যায়ে কোনো প্রার্থী কর্তৃক দাখিলকৃত তথ্য মিথ্যা/ভুল/ত্রুটিপূর্ণ/বিলম্বে প্রাপ্ত তথ্যে প্রার্থীর কোনো প্রতারণা প্রমাণিত হলে তাকে নিয়োগের অযোগ্য/বহিষ্কার/চাকরিচ্যুত/বরখাস্তকরণসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১৫.৫ কোনো প্রার্থী বাংলাদেশ পুলিশ/অন্য কোনো শৃঙ্খলা বাহিনী/কোনো সরকারি চাকরি হতে বহিষ্কৃত/চাকরিচ্যুত/বরখাস্ত হয়ে থাকলে প্রার্থী বর্ণিত পদে আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে;

১৫.৬ নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণ কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী বাংলাদেশ পুলিশ বাহিনীর যে কোনো ইউনিটে যে কোনো সময় দায়িত্ব পালন করতে বাধ্য থাকবে;

১৫.৭ অনলাইন আবেদন ফরমে প্রার্থী কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে। এ ক্ষেত্রে প্রার্থীর মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, পরীক্ষা সংশ্লিষ্ট এসএমএস (SMS) পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করতে হবে;

১৫.৮ প্রার্থীদের PET, লিখিত, মনস্তত্ত্বসহ বুদ্ধিমত্তা ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না;

১৫.৯ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোনো প্রার্থীর নিয়োগ/আবেদন ফরম বাতিলের অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

bdgovtjob.net

Rubai

আফরিদা রুবাই, পিপিএম
বিপি-৮০০৬১২১৩৯৮
অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর জেনারেল (এআইজি)
রিক্রুটমেন্ট অ্যান্ড ক্যারিয়ার প্ল্যানিং-২
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

আপনি কি সৎ, সাহসী এবং দেশের জন্য যে কোনো চ্যালেঞ্জ গ্রহণে প্রস্তুত?
তাহলে যোগ দিন বাংলাদেশ পুলিশে...




# ট্রেইনি রিক্রুট কনস্টেবল পদে
# নিয়োগ বিজ্ঞপ্তি, ফেব্রুয়ারি ২০২৬

## সেবার ব্রতে চাকরি

bdgovtjob.net

bdgovtjob.net **অনলাইনে আবেদন শুরু ০৫ মার্চ ২০২৬ এবং শেষ ৩১ মার্চ ২০২৬** bdgovtjob.net

**বাংলাদেশ পুলিশে ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) পদে নিয়োগের লক্ষ্যে আগ্রহী পুরুষ ও নারী প্রার্থীদের অনলাইনে আবেদন করার জন্য আহ্বান করা যাচ্ছে। ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) পদে প্রার্থীদের আবেদনের জন্য বিস্তারিত তথ্যাবলি নিম্নরূপ:**

**১. জেলাভিত্তিক শূন্য পদের বিবরণ:**
ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) পদে নিয়োগের লক্ষ্যে জেলাভিত্তিক শূন্য পদের বিবরণ বাংলাদেশ পুলিশের ওয়েবসাইটে আপলোড করা হবে।

**২. প্রার্থীর যোগ্যতা:**
২.১ বয়স:

| বয়সসীমা | বয়সসীমা নির্ধারণের তারিখ |
|---|---|
| ১৮ হতে ২০ বছর | যে সকল প্রার্থীর বয়স ৩১ মার্চ ২০২৬ তারিখে বর্ণিত বয়সসীমার মধ্যে থাকবে তারা আবেদনের যোগ্য মর্মে বিবেচিত হবে। এ ক্ষেত্রে মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের জন্য বিদ্যমান কোটা পদ্ধতি অনুসৃত হবে। |

২.২ শিক্ষাগত যোগ্যতা: এসএসসি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (কমপক্ষে জিপিএ ২.৫/সমমান);
২.৩ জাতীয়তা: বাংলাদেশের স্থায়ী নাগরিক;
২.৪ বৈবাহিক অবস্থা: অবিবাহিত (তালাকপ্রাপ্ত/তালাকপ্রাপ্তা নয়); bdgovtjob.net
২.৫ শারীরিক মাপ:

| বিবরণ | পুরুষ প্রার্থী | নারী প্রার্থী |
|---|---|---|
| উচ্চতা | মেধা কোটার প্রার্থীর ক্ষেত্রে ৫ ফুট ৬ ইঞ্চি; মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার প্রার্থীর ক্ষেত্রে ৫ ফুট ৪ ইঞ্চি; শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটার প্রার্থীর ক্ষেত্রে বিধি অনুসৃত হবে | মেধা কোটার প্রার্থীর ক্ষেত্রে ৫ ফুট ৪ ইঞ্চি; মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার প্রার্থীর ক্ষেত্রে ৫ ফুট ২ ইঞ্চি; শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটার প্রার্থীর ক্ষেত্রে বিধি অনুসৃত হবে |
| বুকের মাপ | মেধা ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার প্রার্থীর ক্ষেত্রে স্বাভাবিক অবস্থায় ৩১ ইঞ্চি এবং সম্প্রসারিত অবস্থায় ৩৩ ইঞ্চি; মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের কোটার প্রার্থীর ক্ষেত্রে স্বাভাবিক অবস্থায় ৩০ ইঞ্চি এবং সম্প্রসারিত অবস্থায় ৩১ ইঞ্চি | - |
| ওজন | বয়স ও উচ্চতার সাথে ওজন অনুমোদিত পরিমাপের হতে হবে | বয়স ও উচ্চতার সাথে ওজন অনুমোদিত পরিমাপের হতে হবে |
| দৃষ্টিশক্তি | ৬/৬ | ৬/৬ |

**৩. অনলাইনে আবেদনের নিয়মাবলি:** bdgovtjob.net

৩.১ প্রথম ধাপ:
ক. http://police.teletalk.com.bd-এ লগ-ইন করে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরম সঠিকভাবে পূরণের লক্ষ্যে উক্ত লিংকে সহায়ক হিসেবে ভিডিও টিউটোরিয়াল এবং ফরম পূরণের নির্দেশিকা দেওয়া থাকবে। এছাড়া উক্ত লিংকের Help অপশন ব্যবহার করে ফরম পূরণের প্রয়োজনীয় সহায়তা নেয়া যাবে;
খ. আবেদনের সময় ০৫ মার্চ ২০২৬ সকাল ১০.০০ ঘটিকা হতে ৩১ মার্চ ২০২৬ রাত ১১.৫৯ ঘটিকা পর্যন্ত;
গ. আবেদন ফরম পূরণ করার অব্যবহিত পরে যোগ্য প্রার্থী একটি User ID পাবেন। উক্ত User ID-তে আবেদন ফরম পূরণের ৪৮ ঘণ্টার মধ্যে যে কোনো টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর হতে ৪৫/- (পঁয়তাল্লিশ টাকা) সার্ভিস চার্জ (অফেরতযোগ্য) বাবদ জমা করতে হবে;
ঘ. Online আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে;
ঙ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্য পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে বিধায় Online-এ আবেদনপত্র Submit করার পূর্বে পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থীকে শতভাগ নিশ্চিত হতে হবে;
চ. প্রার্থীকে Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করতে হবে;

৩.২ দ্বিতীয় ধাপ:
প্রত্যেক প্রার্থীকে তার User ID ব্যবহার করে কমপক্ষে ৪৫/- (পঁয়তাল্লিশ টাকা) ব্যালেন্স রয়েছে এমন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর হতে ২ টি SMS Send করতে হবে;
প্রথম SMS: TRC<space> User ID লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে;
Example: TRC ABCDEF
Reply: Applicant's Name, Forty-five taka (45/-) will be charged as service charge for the application of TRC Recruitment Exam February 2026. Your PIN is........(10 digit). To pay service charge type TRC<space>Yes<space>PIN and send to 16222.
দ্বিতীয় SMS: TRC<space> Yes<space>PIN Number লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে;
Example: TRC YES 1234567890
Reply: Congrats! Applicant's Name, Your payment has been successfully completed for the application of TRC Recruitment Exam February 2026. User ID is (xxxxxxxxxx) and Password is (xxxxxxxx).

৩.৩ হেল্পলাইন:
শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর থেকে নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করা যাবে;
User ID জানা থাকলে TRC<space>Help<space>User<space>User ID & Send to 16222
Example: TRC Help User ABCDEF & Send to 16222
PIN Number জানা থাকলে TRC<space>Help<space>PIN<space>PIN No. & Send to 16222
Example: TRC Help PIN 1234567890 & Send to 16222
আবেদন ফরম পূরণের ক্ষেত্রে যে কোনো টেলিটক মোবাইল নম্বর হতে ১২১ এ কল করে প্রথমে ৮, অতপর ১ এ প্রেস করে এজেন্টের সহযোগিতা নেওয়া যাবে।

**৪. নির্বাচন পদ্ধতি:** bdgovtjob.net

৪.১ প্রিলিমিনারি স্ক্রিনিং: অনলাইনে আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে নির্ধারিত নিয়োগবিধি মোতাবেক প্রিলিমিনারি স্ক্রিনিং-এর মাধ্যমে নির্দিষ্ট সংখ্যক যোগ্য প্রার্থীদের শারীরিক মাপ ও কাগজপত্র যাচাইকরণসহ শারীরিক সক্ষমতা যাচাই বা Physical Endurance Test (PET)-এর জন্য বাছাই করা হবে। বাছাইকৃত প্রার্থীদের আবেদনপত্রে উল্লিখিত মোবাইল নম্বরে নির্বাচন সংক্রান্ত তথ্য SMS এর মাধ্যমে প্রেরণ করা হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা ও SMS পড়াসহ প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করতে হবে। বাছাইকৃত প্রার্থীদের SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে http://police.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশকরত সিরিয়াল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত Admit Card for Physical Endurance Test ডাউনলোড করে ০২ কপি প্রিন্ট করতে হবে;

৪.২ শারীরিক মাপ, কাগজপত্র যাচাই ও Physical Endurance Test: প্রিলিমিনারি স্ক্রিনিং-এ বাছাইকৃত প্রার্থীদের বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখ, সময় ও স্থানে শারীরিক মাপ, কাগজপত্র যাচাই ও Physical Endurance Test (দৌড়, পুশ-আপ, লং-জাম্প, হাই-জাম্প, ড্র্যাগিং, রোপ ক্লাইমিং)-এ অংশগ্রহণ করতে হবে। YouTube-এ Bangladesh Police-এর Official Channel, Bangladesh Police-এর Verified Facebook Page এবং Bangladesh Police Website http://www.police.gov.bd-এ Physical Endurance Test (PET) সংক্রান্ত একটি ভিডিও আপলোড করা হয়েছে। আগ্রহী প্রার্থীগণ ভিডিও দেখে প্রস্তুতি গ্রহণ করতে পারবে;

৪.৩ লিখিত পরীক্ষা: শারীরিক মাপ, কাগজপত্র যাচাই ও Physical Endurance Test-এ উত্তীর্ণ প্রার্থীদের বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে বাংলা, ইংরেজি, সাধারণ গণিত ও সাধারণ বিজ্ঞানের উপর মোট ৪৫ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে উত্তীর্ণ প্রার্থীদের শারীরিক মাপ, কাগজপত্র যাচাই ও Physical Endurance Test-এর ফলাফল প্রকাশের ৪৮ ঘণ্টার মধ্যে যে কোনো টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর হতে নিম্নবর্ণিত ধাপ অনুসরণকরত: লিখিত পরীক্ষার ফি বাবদ ৫৬/- (ছাপ্পান্ন টাকা) জমা করে লিখিত পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। শারীরিক মাপ, কাগজপত্র যাচাই ও Physical Endurance Test-এ উত্তীর্ণ হওয়ার পর কমপক্ষে ৫৬/- (ছাপ্পান্ন টাকা) ব্যালেন্স রয়েছে এমন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর হতে ২টি SMS Send করতে হবে;
প্রথম SMS: TRC<space> User ID লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে;
Example: TRC ABCDEF
Reply: Applicant's Name, Fifty-six taka (56/-) will be charged as examination fee for Written Test of TRC Recruitment Exam February 2026. Your PIN is........(10 digit). To pay fee type TRC<space>Yes<space>PIN and send to 16222.
দ্বিতীয় SMS: TRC<space> Yes<space>PIN Number লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে;
Example: TRC YES 1234567890
Reply: Congrats! Applicant's Name, Your payment has been successfully completed for Written Test of TRC Recruitment Exam February 2026. User ID is (xxxxxxxxxx) and Password is (xxxxxxxx).
SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে http://police.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশকরত: লিখিত পরীক্ষার রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত লিখিত পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড করে ০১ কপি প্রিন্ট করতে হবে;

৪.৪ মনস্তাত্ত্বিক ও মৌখিক পরীক্ষা: লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে ১৫ নম্বরের মনস্তাত্ত্বিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;

৪.৫ প্রাথমিক নির্বাচন: প্রতি জেলায় নিয়োগযোগ্য প্রকৃত শূন্য পদে কোটার অনুকূলে সরকার কর্তৃক জারিকৃত বিদ্যমান কোটা পদ্ধতি (মেধা; মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান; ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের জন্য) অনুসরণ করে লিখিত এবং মনস্তাত্ত্বিক ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী প্রার্থীদের প্রাথমিকভাবে নির্বাচন করা হবে;

৪.৬ স্বাস্থ্য পরীক্ষা ও পুলিশ ভেরিফিকেশন: প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে নির্বাচিত প্রার্থীদের কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকায় নির্ধারিত তারিখ ও সময়ে পূরণকৃত চিকিৎসার ইতিবৃত্ত এবং মেডিকেল অফিসার কর্তৃক পরীক্ষিত শারীরিক পরীক্ষা সংক্রান্ত তথ্যাদিসহ Pathological Investigation-এ অংশগ্রহণ করতে হবে। কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ ব্যতীত অন্য কোনো প্রতিষ্ঠানের স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট মেডিকেল বোর্ডে গ্রহণযোগ্য হবে না। স্বাস্থ্য পরীক্ষায় সংশ্লিষ্ট মেডিকেল বোর্ড কর্তৃক গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। স্বাস্থ্য পরীক্ষায় ০১ (এক) বার অযোগ্য ঘোষিত হলে পুনরায় স্বাস্থ্য পরীক্ষার কোনো আবেদন বিবেচিত হবে না। স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য প্রার্থীরা পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করবে। পুলিশ ভেরিফিকেশনে সন্তোষজনক মর্মে বিবেচিত হলে প্রশিক্ষণের জন্য প্রাথমিকভাবে মনোনীত করা হবে। উল্লেখ্য, পুলিশ ভেরিফিকেশন ফরমে কোনো তথ্য গোপন অথবা মিথ্যা তথ্য প্রদান করা হলে চূড়ান্ত প্রশিক্ষণের জন্য মনোনয়ন প্রদান করা হবে না এবং

৪.৭ চূড়ান্তভাবে প্রশিক্ষণে অন্তর্ভুক্তকরণ: প্রশিক্ষণের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের প্রশিক্ষণ কেন্দ্রে যোগদানের পর পুলিশ হেডকোয়ার্টার্সের প্রতিনিধির সমন্বয়ে গঠিত চূড়ান্ত বাছাই কমিটি কর্তৃক শারীরিক যোগ্যতাসহ অন্যান্য তথ্যাদি যাচাইয়ের পর চূড়ান্তভাবে প্রশিক্ষণে অন্তর্ভুক্ত করা হবে।

**৫. প্রয়োজনীয় সনদসমূহের বিবরণ:**
প্রিলিমিনারি স্ক্রিনিং-এর মাধ্যমে বাছাইকৃত যোগ্য প্রার্থীদের শারীরিক মাপ, কাগজপত্র যাচাই ও Physical Endurance Test (PET)-এ অংশগ্রহণের জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখ ও সময়ে নিজ জেলাস্থ পুলিশ লাইন্স (যে জেলার স্থায়ী বাসিন্দা)-এ নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ উপস্থিত থাকতে হবে:
৫.১ Admit Card for Physical Endurance Test: Admit Card for Physical Endurance Test-এর ডাউনলোডকৃত প্রিন্টেড কপি (২ কপি);
৫.২ শিক্ষাগত যোগ্যতার সনদপত্র: শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/সাময়িক সনদপত্রের মূল কপি;
৫.৩ চারিত্রিক সনদপত্র: সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি;
৫.৪ নাগরিকত্ব সনদপত্র: জেলার স্থায়ী বাসিন্দা/জাতীয়তার প্রমাণস্বরূপ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর (যা প্রযোজ্য)-এর নিকট হতে স্থায়ী নাগরিকত্বের সনদপত্রের মূল কপি;
৫.৫ অভিভাবকের সম্মতিপত্র: আইনানুগ অভিভাবক কর্তৃক প্রদত্ত সম্মতিপত্র (পুলিশ ওয়েবসাইটে প্রদত্ত নমুনা অনুযায়ী);
৫.৬ জাতীয় পরিচয়পত্র: প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের মূল কপি (যদি প্রার্থীর জাতীয় পরিচয়পত্র না থাকে তাহলে প্রার্থীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের মূল কপি);
৫.৭ ছবি: সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ৩ (তিন) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
৫.৮ মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক: মুক্তিযোদ্ধার নাম লাল মুক্তিবার্তায় থাকলে লাল মুক্তিবার্তার সত্যায়িত অনুলিপি/মুক্তিযোদ্ধার নাম ভারতীয় তালিকায় থাকলে ভারতীয় তালিকার সত্যায়িত অনুলিপি/মুক্তিযোদ্ধার নামে জারিকৃত গেজেটের মূল কপি;
৫.৯ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটা: ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার প্রার্থীদের ক্ষেত্রে প্রমাণকস্বরূপ তাদের রাজা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রধান অথবা জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত সনদপত্রের মূল কপি;
৫.১০ শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে: সুবর্ণ নাগরিক কার্ড (মূলকপি);
৫.১১ তৃতীয় লিঙ্গের প্রার্থীর ক্ষেত্রে: জেলা সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং
৫.১২ চাকরিজীবী প্রার্থীদের অনুমতিপত্র: সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে আবশ্যিকভাবে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র। bdgovtjob.net

**৬. প্রশিক্ষণ:**
পুলিশ হেডকোয়ার্টার্সের প্রতিনিধির সমন্বয়ে গঠিত চূড়ান্ত বাছাই কমিটি কর্তৃক চূড়ান্ত বাছাইকালে যোগ্য বিবেচিত প্রার্থীগণকে নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্রে ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) হিসেবে ৬ মাস মেয়াদি মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।

**৭. প্রশিক্ষণকালীন সুযোগ-সুবিধা:**
৭.১ ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) হিসেবে প্রশিক্ষণকালীন বিনা মূল্যে পোশাক সামগ্রীসহ থাকা-খাওয়া ও চিকিৎসা সুবিধা প্রাপ্য হবে এবং
৭.২ প্রশিক্ষণকালীন সরকারি বিধি মোতাবেক প্রতি মাসে প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবে।

**৮. নিয়োগ ও চাকরির সুবিধাদি:**
৮.১ সফলতার সাথে প্রশিক্ষণ সম্পন্নকারী প্রশিক্ষণার্থীদের ২০১৫ সালের জাতীয় বেতন স্কেলের ১৭তম গ্রেড ৯,০০০-২১,৮০০/- এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য বেতন-ভাতাদিসহ বাংলাদেশ পুলিশের কনস্টেবল পদে নিয়োগ প্রদান করা হবে;
৮.২ নিয়োগপ্রাপ্তদের যে কোনো জেলা/ইউনিটের শূন্য পদের বিপরীতে বদলি করা হলে তারা উক্ত জেলা/ইউনিটে কনস্টেবলের শূন্য পদে যোগদান করতে বাধ্য থাকবে;
৮.৩ ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) পদে নির্বাচিত প্রার্থীর মৌলিক প্রশিক্ষণ সফলভাবে সমাপনান্তে জেলা/ইউনিটে যোগদানের তারিখ হতে সংশ্লিষ্ট জেলা/ইউনিট প্রধান কর্তৃক তার শিক্ষানবিশকাল ঘোষণা করা হবে। শিক্ষানবিশ ঘোষণার তারিখ হতে দুই বছর সন্তোষজনক চাকরি পূর্ণ হলে সংশ্লিষ্ট জেলা/ইউনিট প্রধান বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক তাকে কনস্টেবল পদে স্থায়ী করা হবে;
৮.৪ নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের শিক্ষানবিশকাল সমাপ্ত না হওয়া পর্যন্ত অবিবাহিত থাকতে হবে;
৮.৫ নিয়োগপ্রাপ্ত প্রার্থীরা বিনা মূল্যে পোশাক সামগ্রী, ঝুঁকি ভাতা, চিকিৎসা সুবিধা এবং নিজ ও পরিবারের নির্ধারিত সংখ্যক সদস্যদের জন্য প্রাপ্যতা অনুযায়ী পারিবারিক রেশন সামগ্রী স্বল্প মূল্যে প্রাপ্য হবে এবং
৮.৬ নিয়োগপ্রাপ্তদের জন্য প্রচলিত নিয়মানুযায়ী উচ্চতর পদে পদোন্নতি এবং জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে যাওয়ার সুযোগ রয়েছে।

**৯. সাধারণ নির্দেশনাবলি:**
৯.১ কর্তৃপক্ষ সার্বিক অবস্থা বিবেচনায় নিয়োগযোগ্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন;
৯.২ শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য বিষয়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যাদি সম্পর্কে তদন্তে কিংবা তদন্ত পরবর্তীকালে কোনো বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে উক্ত প্রার্থীকে প্রশিক্ষণ হতে অব্যাহতি/চাকরিচ্যুতি/চাকরি হতে বরখাস্তকরণসহ তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
৯.৩ মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে পিতা/মাতা এর অনুকূলে ইস্যুকৃত প্রমাণকসমূহ যাচাইঅন্তে সঠিক পাওয়া না গেলে প্রশিক্ষণ হতে অব্যাহতি/চাকরিচ্যুতি/চাকরি হতে বরখাস্তকরণসহ তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের জন্য নির্ধারিত কোটার প্রার্থী কর্তৃক দাখিলকৃত মুক্তিযোদ্ধা সনদ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে একবার জাল প্রমাণিত হলে তা পুনরায় যাচাইয়ের কোনো সুযোগ থাকবে না;
৯.৪ চাকরিতে প্রবেশকালীন চাহিত কাগজপত্রাদি (সনদপত্র/প্রত্যয়নপত্র ইত্যাদি) ব্যতীত শারীরিক মাপ, কাগজপত্র যাচাই ও Physical Endurance Test (PET)-এ অংশগ্রহণের কোনো সুযোগ নেই;
৯.৫ ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/ভুল তথ্য কিংবা মিথ্যা তথ্য সংবলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এ ক্ষেত্রে প্রশিক্ষণের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত/নিয়োগকৃত/প্রশিক্ষণরত/চাকরিরত অর্থাৎ যে কোনো পর্যায়ে দাখিলকৃত তথ্য মিথ্যা/ভুল অথবা প্রার্থীর কোনো প্রতারণা প্রমাণিত হলে তাকে নিয়োগের অযোগ্য/বহিষ্কার/চাকরিচ্যুতি/বরখাস্তকরণসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
৯.৬ কোনো প্রার্থী পুলিশ বাহিনী/অন্য কোনো নিয়মিত বাহিনী/যে কোনো সরকারি চাকরি হতে বহিষ্কৃত/চাকরিচ্যুত/বরখাস্ত হয়ে থাকলে তাকে আবেদনের অযোগ্য মর্মে বিবেচনা করা হবে;
৯.৭ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোনো প্রার্থীর নিয়োগ/আবেদনপত্র বাতিলের অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং
৯.৮ নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।

**১০. শারীরিক মাপ, কাগজপত্র যাচাই ও Physical Endurance Test; লিখিত পরীক্ষা এবং মনস্তাত্ত্বিক ও মৌখিক পরীক্ষার সময়সূচি:**
প্রার্থীদের নিম্নবর্ণিত তারিখ ও সময়ে স্ব-স্ব জেলার পুলিশ লাইন্স মাঠে উপস্থিত থাকতে হবে:

| জেলার নাম | শারীরিক মাপ, কাগজপত্র যাচাই ও Physical Endurance Test | লিখিত পরীক্ষা | মনস্তাত্ত্বিক ও মৌখিক পরীক্ষা |
|---|---|---|---|
| মাদারীপুর, কিশোরগঞ্জ, রাঙ্গামাটি, ব্রাহ্মণবাড়িয়া, ঝিনাইদহ, নড়াইল, সিরাজগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, কুড়িগ্রাম, সুনামগঞ্জ, জামালপুর, ফরিদপুর, টাঙ্গাইল, কুমিল্লা, খাগড়াছড়ি, খুলনা | ১৫, ১৬ ও ১৭ এপ্রিল, ২০২৬ খ্রি. ০৮.০০ ঘটিকা | ২৭ এপ্রিল, ২০২৬ খ্রি. ১০.০০ ঘটিকা | ০৬ মে, ২০২৬ খ্রি. ১০.০০ ঘটিকা |
| সাতক্ষীরা, নওগাঁ, জয়পুরহাট, পঞ্চগড়, হবিগঞ্জ, নেত্রকোণা, ঢাকা, রাজবাড়ী, ফেনী, লক্ষ্মীপুর, চুয়াডাঙ্গা, বগুড়া, দিনাজপুর, সিলেট, ঝালকাঠি, পটুয়াখালী | ১৮, ১৯ ও ২০ এপ্রিল, ২০২৬ খ্রি. ০৮.০০ ঘটিকা | ০৪ মে, ২০২৬ খ্রি. ১০.০০ ঘটিকা | ১৩ মে, ২০২৬ খ্রি. ১০.০০ ঘটিকা |
| নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, কক্সবাজার, মেহেরপুর, নাটোর, লালমনিরহাট, গাইবান্ধা, শেরপুর, ভোলা, বরগুনা, ময়মনসিংহ গাজীপুর, শরীয়তপুর, মানিকগঞ্জ, গোপালগঞ্জ, বান্দরবান | ২১, ২২ ও ২৩ এপ্রিল, ২০২৬ খ্রি. ০৮.০০ ঘটিকা | ০৯ মে, ২০২৬ খ্রি. ১০.০০ ঘটিকা | ১৮ মে, ২০২৬ খ্রি. ১০.০০ ঘটিকা |
| নোয়াখালী, বাগেরহাট, যশোর, রাজশাহী, ঠাকুরগাঁও, নীলফামারী, মৌলভীবাজার, নরসিংদী, চাঁদপুর, চট্টগ্রাম, কুষ্টিয়া, মাগুরা, পাবনা রংপুর, পিরোজপুর, বরিশাল | ২৪, ২৫ ও ২৬ এপ্রিল, ২০২৬ খ্রি. ০৮.০০ ঘটিকা | ১৬ মে, ২০২৬ খ্রি. ১০.০০ ঘটিকা | ২৪ মে, ২০২৬ খ্রি. ১০.০০ ঘটিকা |

bdgovtjob.net

**মোঃ আবু হাসান,** বিপিএম-সেবা
বিপি ৭৫০৫১০৯০২১
অ্যাডিশনাল ডিআইজি (রিক্রুটমেন্ট অ্যান্ড ক্যারিয়ার প্ল্যানিং-১)
বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

**ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) পদে নিয়োগের ক্ষেত্রে কোনো প্রকার আর্থিক লেনদেনে কোন প্রার্থী জড়িত থাকলে নিয়োগ বাতিলসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। আবেদনপত্রে কোনো মিথ্যা বা ভুল তথ্য প্রদান করলে নিয়োগের অযোগ্য বলে বিবেচিত হবে।**